



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৫২৪/১০

তারিখ : ২৪-০৮-২০২৩ খ্রি.

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : ক) অভিযোগকারীর ২৭-১১-২০২২ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-১৯৪৭৪)।

খ) জেলা প্রশাসক, খুলনা-এর ০৭-০৬-২০২৩ খ্রি. তারিখের ০৫.৪৪.৪৭০০.০২০.১৮.০৬৪.২৩-৩৬৩ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলাধীন “সুকদাড়া মাধ্যমিক বিদ্যালয়” এর চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আবু বক্কার শেখ ও সাধারণ শিক্ষক সদস্য জনাব আজাদুর রহমান তরফদার উভয় ফৌজদারী মামলায় চার্জসীটভুক্ত আসামী হওয়ায় উভয়ের সদস্য পদ হতে অব্যাহতি প্রদানের জন্য জনাব উত্তম রায় অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়ে জেলা প্রশাসক, খুলনা-কে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করে পত্র প্রদান করা হয়। তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদনে সভাপতি জনাব আবু বক্কার শেখ ও সাধারণ শিক্ষক সদস্য জনাব আজাদুর রহমান তরফদার উভয় ফৌজদারী মামলায় চার্জসীটভুক্ত আসামী এবং মামলা বিচারাধীন মর্মে প্রতিয়মান হয়। এমতাবস্থায়, জেলা প্রশাসক মহোদয়ের তদন্ত প্রতিবেদন, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত ও বাংলাদেশ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা প্রবিধান-২০০৯ এর প্রবিধান ১১ (ঘ) অনুযায়ী “কোন ব্যক্তি গর্ভর্গিং বডি বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটির সদস্য হইতে বা সদস্য হিসাবে থাকিতে পারিবেন না, যদি তিনি কোন ফৌজদারী অপরাধের কারণে উপযুক্ত আদালত কর্তৃক দণ্ডিত হইয়া থাকেন” এক্ষেত্রে সভাপতি জনাব আবু বক্কার শেখ ও সাধারণ শিক্ষক সদস্য জনাব আজাদুর রহমান তরফদার উভয় ফৌজদারী মামলায় চার্জসীটভুক্ত আসামী তবে বিজ্ঞ আদালত কর্তৃক দণ্ডিত নয় বিধায় সভাপতি বা সদস্য পদে দায়িত্ব পালনে আইনগত কোন বাধা নাথাকায় আলোচ্য ব্যক্তিদ্বয়কে অভিযোগ হতে অব্যাহতি দেওয়া হলো। বিষয়টি আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

উত্তম রায় (অভিভাবক সদস্য)  
সুকদাড়া মাধ্যমিক বিদ্যালয়, বটিয়াঘাটা, খুলনা


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে  
স্বাক্ষরিত  
(মোঃ সিরাজুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৫২৪/১০(১-৬)

তারিখ : ২৪-০৮-২০২৩ খ্রি.


অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৪। জনাব আবু বক্কার শেখ, সভাপতি, সুকদাড়া মাধ্যমিক বিদ্যালয়, বটিয়াঘাটা, খুলনা।
- ৫। জনাব আজাদুর রহমান তরফদার, সাধারণ শিক্ষক সদস্য, সুকদাড়া মাধ্যমিক বিদ্যালয়, বটিয়াঘাটা, খুলনা।
- ৬। সংরক্ষণ নথি।

  
২৪/০৮/২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

  
২৪/০৮/২৩